



সভাপতি সা. সম্পাদক

রাবির শিক্ষক সমিতি নির্বাচনে হলুদ প্যানেলের নিরংকুশ বিজয়

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে ভরাডুবি হয়েছে বিএনপিপন্থী প্যানেলের। নির্বাচনে ১৫ পদের সব ৯টি আসন পেয়ে নিরংকুশ বিজয়ী হয়েছে মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষকদের 'হলুদ প্যানেল'। শিক্ষক সমিতির সভাপতি পদে নির্বাচিত হয়েছেন ডু-ডব্লু ও খনিবিদ্যা বিভাগের শিক্ষক কামরুল হাসান মজুমদার এবং সাধারণ সম্পাদক পদে শোক প্রশাসন বিভাগের শিক্ষক প্রশব কুমার পাণ্ডে বিজয়ী হয়েছেন। এর আগে সোমবার সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় জুবিলী ভবনে শিক্ষকদের ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচন পরিচালক বোঃ সাইফুল ইসলাম জানান, মোট ১ হাজার ১৮৩ ভোটারের মধ্যে ভোট দিয়েছেন ৯৬৯ জন। এবার ভোট পড়েছে মোট ৮২ ভাগ। সন্ধ্যা সাড়ে ৬টার দিকে নির্বাচনের ফল প্রকাশ করা হয়। এছাড়াও হলুদ প্যানেল থেকে সহসভাপতি পদে নির্বাচিত হন ইতিহাস বিভাগের শিক্ষক মর্জুয়া খালেদ, কেনাকাষাক পদে রসায়ন বিভাগের শিক্ষক এম হাবিবুল রহমান এবং ফুটব সাধারণ সম্পাদক পদে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক বোঃ মশিহুর রহমান।